বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, ঢাকা-১০০০

ফোনঃ 9515586
Email:
dgmlpo@krishibank.org.bd
bachmanagerbkb@gmail.com

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৭-১৮/১৪৮৭ তারিখঃ ২০-১২-২০১৭ইং

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়,
মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্যআঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়,
উপ-মহাব্যবস্থাপক,
আইসিটি অপারেশন বিভাগ
আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোঃ শাখা
সকল শাখা ব্যবস্থাপক(অনলাইন শাখা)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ BEFTN বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় ও কাউন্টারে প্রাসঙ্গিক তথ্যাদি প্রদর্শন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ২৭-১১-২০১৭ইং তারিখে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট হতে প্রেরিত সূত্র নং-পিএসডি/বিএসিএইচ/৪২/২০১৭-২৩৪৭-৩৫ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

২। দেশের পেমেন্ট, ক্লিয়ারিং ও সেটেলমেন্ট সিস্টেমস্-কে আধুনিক,নিরাপদ,দক্ষ ও আন্তর্জাতিক মানসম্পন্ন করা এবং সকলের নিকট পৌছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন কার্যক্রম অব্যাহত রেখেছে।

৩। বাংলাদেশ ব্যাংক এর উক্ত পত্রে দেশের পেমেন্ট ব্যবস্থাগুলো বিশেষ করে BEFTN(বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক ) এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রতিটি ব্যাংক শাখার এ সেবা প্রদানের সক্ষমতা অর্জন এবং এ সম্পর্কে ব্যাংকার, ব্যবসায়িক সংগঠন, বিভিন্ন সরকারী সংস্থা, সর্বোপরি জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যে সকল ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়েছে তা বাস্তবায়নে নিম্নোক্ত প্রস্তাব কর্তৃপক্ষ সদয় অনুমোদন করেছেনঃ

ক. (i) ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে সকল অনলাইন শাখা হতে BEFTN সংক্রান্ত লেনদেন Origination এর মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ: বিকেবি স্থানীয় মুখ্য কার্যালয়);

খ. BEFTN এর Origination সেবা প্রদানে সক্ষম শাখাসমূহের সম্মুখে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে BEFTN সম্পর্কে সচেতনামূলক ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ (কার্যকরণঃ সকল শাখা ব্যবস্থাপক, ফলো আপঃ মুঃআঃব্যঃ/ আঃব্যঃ);

গ. BEFTN সেবা প্রদানকারী সকল শাখার ব্যবস্থাপকসহ সংশিষ্ট ব্যাংক কর্মকর্তাদেরকে এ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন (কার্যকরণঃ আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, এইচআরএমডি-৪ বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনায় অন্তর্ভূক্তকরণ, স্টাফ কলেজ,মিরপুর,ঢাকা) ;

চলমান পাতা-০২

ঘ. গ্রাহকদের মাঝে BEFTN ব্যবস্থা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাংকসমূহ এককভাবে বা যৌথভাবে এলাকা ভিত্তিক সচেতনতামূলক কর্মসূচি (যথা: সেমিনার, ওয়ার্কশপ, লিফলেট; কার্যকরণ: সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক, ফলো আপ: মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়। ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণা, কার্যকরণ: জনসংযোগ ও প্রটোকল বিভাগ)

ঙ. ইলেকট্রনিক লেনদেন ব্যবস্থায় গ্রাহকের অংশগ্রহণ সহজ করার লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করা সাপেক্ষে প্রতিটি ব্যাংক গ্রাহক পর্যায়ে ইন্টারনেটে ব্যাংকিং সেবা চালু করার ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ:আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং এবং আইসিটি অপারেশন বিভাগ);

৪। বিষয়টি ব্যাংকের স্বার্থে গুরুত্বপূর্ণ বিধায় দ্রুততার সাথে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

অনুমোদনক্রমে-

২০/১২/১৭

( মোঃ জামাল উদ্দিন)
মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়

---

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৭-১৮/৩৪৮৭(২) তারিখঃ ২০-১২-২০১৭ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়দ্বয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ- মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা । উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

২০/১২/১৭
(নাজমুল আলম)
উপ-মহাব্যবস্থাপক